



## ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট এর বায়োমেট্রিক প্রদান এবং তা সংগ্রহের প্রক্রিয়া



### (ক) মোটরযান মালিকের বায়োমেট্রিক প্রদান প্রক্রিয়া:

- মোটরযানের রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পর ব্যক্তি মালিকানাধীন মোটরযান মালিকের মোবাইলে এসএমএস প্রেরণ করা হয়;
- বিআরটিএ ঢাকা মেট্রো ও চট্ট মেট্রো সার্কেল অফিসের জন্য নিম্নোক্ত পদ্ধতিতে অ্যাপয়েন্টমেন্ট গ্রহণ করতে হয়:

মোবাইলের মেসেজ অপশনে গিয়ে NP<space>B<space>Date টাইপ করে 26969 নম্বরে প্রেরণ করতে হবে। যেমন: আপনার পছন্দ অনুযায়ী ১১ ফেব্রুয়ারি তারিখের জন্য অ্যাপয়েন্টমেন্ট গ্রহণ করতে চাইলে NP B 11 লিখে 26969 নম্বরে প্রেরণ করতে হবে। ফিরতি এসএমএস এ ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেটের বায়োমেট্রিক প্রদানের তারিখ ও সময় প্রাপ্তির পর নিম্নোক্ত কাগজপত্রাদিসহ উপস্থিত থাকতে হবে:

- রেজিস্ট্রেশন সনদ/প্রাপ্তি স্বীকার রশিদের মূলকপি ও A4 সাইজের ফটোকপি;
  - মোটরযান মালিকের জাতীয় পরিচয় পত্র/ড্রাইভিং লাইসেন্সের মূলকপি ও A4 সাইজের ফটোকপি;
- মন্তব্য: প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রেশনকৃত মোটরযানের বায়োমেট্রিকের প্রয়োজন নেই।

### (খ) ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট গ্রহণ প্রক্রিয়া:

মোটরযান মালিকের মোবাইলে ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট সংগ্রহের জন্য এসএমএস প্রেরণ:

- ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রস্তুতের পর তা সংগ্রহের জন্য মোটরযান মালিকের মোবাইলে এসএমএস প্রেরণ করা হয়;
- বিআরটিএ ঢাকা মেট্রো ও চট্ট মেট্রো সার্কেল অফিসে ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট সংগ্রহের জন্য নিম্নোক্তভাবে অ্যাপয়েন্টমেন্ট গ্রহণ করতে হয়:

মোবাইলের এসএমএস অপশনে গিয়ে NP<space>C<space>Date টাইপ করে 26969 নম্বরে প্রেরণ করতে হবে। যেমন: আপনার পছন্দ অনুযায়ী ১ ফেব্রুয়ারি তারিখের জন্য অ্যাপয়েন্টমেন্ট করতে চাইলে NP C 11 লিখে 26969 নম্বরে প্রেরণ করতে হবে। ফিরতি মেসেজে উল্লিখিত তারিখ ও সময়ে এসে ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট গ্রহণ করা যাবে। নির্ধারিত তারিখে সার্টিফিকেট গ্রহণ করা সম্ভব না হলে একই পদ্ধতিতে পুনরায় অ্যাপয়েন্টমেন্ট গ্রহণ করা যাবে।

উল্লেখ্য, ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট সংগ্রহ সংক্রান্ত এসএমএস মোবাইলে প্রাপ্তির পরে বিআরটিএ ঢাকা মেট্রো ও চট্ট মেট্রো সার্কেল অফিস ব্যতীত অন্যান্য সার্কেল অফিসে অ্যাপয়েন্টমেন্ট গ্রহণ ছাড়াই ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট সংগ্রহ করা যাবে।

কল সেন্টার (১৬১০৭) অথবা ০১৭৯০৫৪০২১০ / ০১৭৯০৫৪০২১১ নম্বরে কল করে সহযোগিতা গ্রহণের জন্য অনুরোধ করা হলো